



রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়ারেনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোনালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)– এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষার সম্ভাব্য সময় এপ্রিল ও মে ২০১৮।

- কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার মন্ত্রকের সম্প্রতি প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি ভিক্ষুক রয়েছে?
(a) পশ্চিমবঙ্গ (b) অন্ধ্রপ্রদেশ (c) বিহার (d) উত্তর প্রদেশ
- ভারতের কোন শহরে প্রথম ১০০ শতাংশ সোলার পাওয়ার হেলথ সেন্টার তৈরি হয়েছে?
(a) কলকাতা (b) চেন্নাই (c) বেঙ্গালুরু (d) সুরাত
- স্বপ্ন সম্পর্কিত গবেষণাকে বলে.....
(a) ওনেইরোলজি (b) লিমনোলজি (c) ক্রোনোলজি (d) কার্পোলজি
- ২০১৮ মেন'স সিঙ্গেলস মিয়ামি ওপেন টেনিস টুর্নামেন্টে কে জয়ী হন?
(a) জন ইসনার (b) রজার ফেডেরার (c) কেই নিশিকোরি (d) কোনোটি সঠিক নয়
- শিশুদের কত বছর পর্যন্ত রেলের টিকিটের দরকার হয় না?
(a) ২ বছর (b) ৩ বছর (c) ৪ বছর (d) ৫ বছর
- সিভি রাজেন্দ্রন (সম্প্রতি মারা গিয়েছেন) নিম্নলিখিত কোন ক্ষেত্রে পরিচিত?
(a) সাংবাদিকতা (b) বিজ্ঞান (c) খেলা (d) চলচ্চিত্র
- ২০১৭ সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পান?
(a) ব্যারি ব্যারিস (b) রিচার্ড হেন্ডারসন (c) কাজুও ইসিগুডি (d) জুয়ান স্যানটোস
- একটি ট্যাক্স কেবলমাত্র P নল দ্বারা 30 মিনিটে ও কেবলমাত্র Q নল দ্বারা 40 মিনিটে পূর্ণ হতে পারে। আবার, ওই ট্যাক্সটিই R নল দ্বারা 25 মিনিটে খালি হতে পারে। যদি তিনটি নলই একসঙ্গে খুলে দেওয়া হয়, তবে ট্যাক্সটি পূর্ণ হতে কত সময় লাগবে?
(a) 54.55 মিনিট (b) 54.51 মিনিট (c) 54.50 মিনিট (d) 54.50 মিনিট
- বাস বললে ২ বোঝায়, লরি বললে ৩ দুই বোঝায়, আবার ট্রেকার বললে তিন বোঝায়, বাইক বললে ৪ তিন বোঝায়, তাহলে ট্রেন বললে কত বোঝাবে?
(a) ২ (b) ৩ (c) ৪ (d) প্রশ্নটি অসম্পূর্ণ
- অক্সিজেনের পারমাণবিক সংখ্যা কত?
(a) ২৮ (b) ২২ (c) ৮ (d) ৫
- সম্প্রতি ভারতের কোথায় স্বাদু জলের অ্যাকোয়ারিয়ামের উদ্বোধন হয়?
(a) ঝাড়খণ্ড (b) বিহার (c) উত্তর প্রদেশ (d) মহারাষ্ট্র
- নিচের কোন খাতটি স্বাভাবিক তাপমাত্রাতেও তরল অবস্থায় থাকে?
(a) রেডিয়াম (b) জিঙ্ক (c) ইউরেনিয়াম (d) মার্কারি
- সম্প্রতি কে ভারতের ডেপুটি ইলেকশন কমিশনারের দায়িত্ব পান?
(a) অনুরাগ আগরওয়াল (b) মুকুল রাটরা (c) গিরিশ সি হোসুর (d) চন্দ্র ভূষণ কুমার
- রাজস্থানের কোথায় প্রথম মেগা ফুড পার্কের উদ্বোধন হয়?
(a) কোটা (b) আজমির (c) জয়পুর (d) উদয়পুর
- হীরক থেকে বায়ুতে আলোকের প্রতিসরণের 'সংকট কোণ' কত?
(a) প্রায় ২৪.৫ ডিগ্রি (b) প্রায় ৪৫ ডিগ্রি (c) প্রায় ৬০ ডিগ্রি (d) ৯০ ডিগ্রি
- সুরেশ শেঠ (সম্প্রতি মারা গিয়েছেন) কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) বহুজন সমাজ পার্টি (b) ভারতীয় জনতা পার্টি (c) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস (d) ন্যাশানালিস্ট কংগ্রেস পার্টি
- ২০১৮ সালে নতুন দিল্লিতে অনুষ্ঠিত সপ্তম ইয়ুথ ফেস্টিভ্যালের থিম কী ছিল?
(a) Let Love Live (b) Let's Unite for Nation (c) Let's Save Trees (d) Let's Help Nation
- বাতাসে পরাগের উপস্থিতি কোন রোগের জন্য দায়ী?
(a) ক্যানসার (b) কলেরা (c) হার্ট অ্যাটাক (d) হাঁপানি
- নিকেতার ভাই রোশন সুহানের শ্যালক। আবার রোশনের স্ত্রী শ্রীজার স্বশুর সুমন। সুহানের ছেলে সাহিন সুমনের কে হয়?
(a) নাতি (b) ভাগ্না (c) ভাইপো (d) ভাই
- রাইবোজোম নামকরণ করেন
(a) মিসার (b) ম্লেইচার (c) ভান বেনডেন (d) প্যালাডে
- পৃথিবীর স্তরগুলিকে কয়টি হরাইজনে ভাগ করা হয়?
(a) ৩টি (b) ৫টি (c) ৭টি (d) ৯টি
- প্রোটিনের গঠনমূলক একক কী?
(a) ফ্যাটি অ্যাসিড (b) গ্লিসারল (c) অ্যামাইনো অ্যাসিড (d) নিউক্লিক অ্যাসিড
- একটি কাজ A 12 দিনে এবং B 18 দিনে শেষ করতে পারে। তারা উভয়ে একত্রে কাজটি শুরু করে কিন্তু কাজটি শেষ হওয়ার 3 দিন আগে A চলে যায়। সমস্ত কাজটি শেষ হতে কত দিন লাগবে?
(a) 10 দিন (b) 8 দিন (c) 9 দিন (d) 6 দিন
- সূর্যের রশ্মিতে কোন ভিটামিন থাকে?
(a) এ (b) বি (c) ডি (d) কে
- প্রিয় রঞ্জন দাশমুন্সি (সম্প্রতি মারা গিয়েছেন) কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) ন্যাশানালিস্ট কংগ্রেস পার্টি (b) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস (c) কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া (d) সমাজবাদী পার্টি
- মিস ওয়ার্ল্ড ২০১৭ মানুষি ছিল্লর কোন রাজ্যের বাসিন্দা?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) হরিয়ানা (d) ওড়িশা
- ২০১৭ মোহনবাগান রত্ন পুরস্কার কে পান?
(a) সৈয়দ নইমুদ্দিন (b) ধনঞ্জয় যাদব (c) সুরত ভট্টাচার্য (d) অভিষেক দাস
- নিচের কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) গিটার (b) সরোদ (c) বেহালা (d) তবলা
- ২০১৭ ওয়ার্ল্ড টয়লেট ডে-র থিম কী ছিল?
(a) Wastewater (b) Toilets and Nutrition (c) Follow and Flush (d) Toilets and jobs
- ২০১৭ সালের ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের সর্বশেষ তালিকা অনুযায়ী ইস্পাত উৎপাদনে ভারতের স্থান কত?
(a) প্রথম (b) তৃতীয় (c) চতুর্থ (d) দ্বিতীয়
- হলুদ বর্ণের পরিপূরক রঙ কোনটি?
(a) নীল (b) লাল (c) সবুজ (d) কালো
- NOIDA-কে লেখা হয় 39658, তাহলে INDIA-কে কত লেখা হবে?
(a) 36568 (b) 63568 (c) 63569 (d) 65368
- সিক্কোনা গাছের কোন অংশ থেকে কুইনাইন প্রস্তুত করা হয়?
(a) পাতা (b) ছাল (c) ফল (d) কোনোটি সঠিক নয়
- টেলিভিশন কে আবিষ্কার করেন?
(a) জন লজিক বেয়ার্ড (b) পল মুলার (c) লিং স্যান (d) নিকোলা টেসেলা
- সম্প্রতি ইজিপ্টের নতুন রাষ্ট্রপতি কে নির্বাচিত হন?
(a) Moussa Mostafa Moussa (b) El-Sayyid el-Badawi (c) Abdel Fattah al-Sisi (d) Ahmed Shafik Sisi
- ২০১৫-১৬ ইন্দিরা গান্ধী অ্যাওয়ার্ড ফর ন্যাশনাল ইন্টিগ্রেশন কে পান?
(a) শ্যাম বেনেগাল (b) টি এম কৃষ্ণ (c) জাভেদ আখতার (d) পি এন হাকসার
- ২০১৭ আন্তর্জাতিক প্যাপেট ফেস্টিভ্যাল কোন শহর পরিচালনা করে?
(a) কলকাতা (b) নয়াদিল্লি (c) কোচি (d) লক্ষ্ণৌ
- জলকে জীবাণুমুক্ত করতে নিচের কোনটি ব্যবহার করা হয়?
(a) নাইট্রোজেন (N2) (b) NaOH (সোডিয়াম হাইড্রক্সাইড) (c) NH3 (অ্যামোনিয়া) (d) Cl2 (ক্লোরিন)

ANSWERS

39. ভারতের কোন চলচ্চিত্র অভিনেত্রী ‘ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অব মেলবোর্ন’-এর প্রতিনিধি নিযুক্ত হন?

(a) বিদ্যা বালান (b) ক্যাটরিনা কাইফ (c) প্রিয়াঙ্কা চোপড়া (d) করিনা কাপুর

40. তাপ বিকিরণ মাপার যন্ত্রের নাম কী?

(a) রেডিও মাইক্রোমিটার (b) পলিগ্রাফ (c) হাইথ্রোস্কোপ (d) টনোমিটার

41. অনূর্ধ্ব ১৭ ফুটবল বিশ্বকাপ- ২০১৭ প্রতিযোগিতায় গোল্ডেন বল পুরস্কার কে পান?

(a) ফিল ফডেন (b) ডেল আলি (c) ডমিনিক সোলাস্কি (d) হ্যারি কেন

42. ভারতের কোন প্রাক্তন হকি অধিনায়ক সম্প্রতি ভারত গৌরব সম্মানে ভূষিত হলেন, যেটি পশ্চিমবঙ্গের ইস্টবেঙ্গল ফুটবল ক্লাব কর্তৃক প্রদান করা হয়?

(a) দিলীপ তিরকে (b) পারগত সিং (c) ধনরাজ পিল্লাই (d) জাফর ইকবাল

43. কার্বন ডাই অক্সাইড গ্যাসটি.....

(a) বাতাসের থেকে দ্বিগুণ ভারী (b) বাতাসের থেকে আড়াই গুণ ভারী

(c) বাতাসের চেয়ে দেড়গুণ হালকা (d) বাতাসের চেয়ে দেড়গুণ ভারী

44. নিচের কোন পাখি সবথেকে বেশি সময় উড়তে পারে?

(a) কাক (b) চড়াই (c) পায়রা (d) চিল

45. একটি সিংহ সাধারণত কতবছর বাঁচে?

(a) প্রায় ১০ বছর (b) প্রায় ২০ বছর (c) প্রায় ৫০ বছর (d) প্রায় ৮০ বছর

46. নিম্নলিখিত কোনটি ভিটামিন এ-এর প্রধান উৎস?

(a) সবরকম শাক সবজি (b) কমলালেবু (c) লেবু (d) মাংস

47. হাইড্রজেন ব্রোমাইড একটি

(a) থায়ো-অ্যাসিড (b) হাইড্রাসিড (c) অক্সি-অ্যাসিড (d) এর মধ্যে কোনোটিই নয়

48. স্থির জলে একটি নৌকার বেগ ৪ কিমি/ঘণ্টা এবং স্রোতের বেগ ৪ কিমি/ঘণ্টা। এক ব্যক্তি স্রোতের অনুকূলে ৩৬ কিমি গিয়ে, স্রোতের প্রতিকূলে আবার আরম্ভস্থলে ফিরে আসেন। যাতায়াতে তাঁর মোট কত সময় লাগে?

(a) ১০ ঘণ্টা (b) ১২ ঘণ্টা (c) ১১ ঘণ্টা (d) ৯ ঘণ্টা

49. কোনও এক সাংকেতিক ভাষায় ফিশারি বললে মাছ বোঝায়, নার্সারি বললে গাছ বোঝায়, বেকারি বললে কী বোঝাবে?

(a) বিস্কুট (b) কেক (c) বাগার (d) পাঁউরুটি

50. ক্যামিলিয়ন হল.....

(a) এক প্রকার গিরগিটি, যারা অনবরত রঙ বদলায় (b) এক প্রকার জন্তু বিশেষ

(c) ছোট ভল্লুকের মতো দেখতে স্তন্যপায়ী বানর (d) এক প্রকার ফুল

1. (a) 2. (d) 3. (a) 4. (a) 5. (d) 6. (d) 7. (c) 8. (a) সমাধান: 1মিনিটে

পূর্ণ হয় $\left(\frac{1}{30} + \frac{1}{40} - \frac{1}{25}\right)$ বা $\frac{11}{600}$ অংশ।

অতএব, 1 অংশ পূর্ণ হতে সময় লাগবে $\frac{600}{11}$ মিনিট বা, = 54.55 মিনিট।

9. (a) এখানে প্রতিটি শব্দের অক্ষরের সংখ্যা ধরা হচ্ছে 10. (c) 11. (a) 12. (d) 13. (d) 14. (b) 15. (a) 16. (c) 17. (a) 18. (d) 19. (a) শ্রীজা নিকেতার বৌদি। বৌদির স্বশুর সুমন তার বাবা। আবার নিকেতার স্বামী সুহান। সুহানের ছেলে মানেই নিকেতার ছেলে। তাই সাহিন সুমনের মেয়ের ছেলে অর্থাৎ নাতি। 20. (d) 21. (b) 22. (c) 23. (c) সমাধান: শেষ 3 দিন B একা কাজ করার পর কাজ বাকি থাকে

= $\left\{1 - \left(\frac{1}{18} \times 3\right)\right\}$ বা, $\frac{5}{6}$ অংশ কাজ

A ও B একত্রে সম্পূর্ণ কাজটি করে = $\left(\frac{12 \times 18}{12 + 18}\right) = \frac{36}{5}$ দিনে

অতএব, A ও B একত্রে $\frac{5}{6}$ অংশ কাজ করে = $\left(\frac{36}{5} \times \frac{5}{6}\right)$ বা, 6 দিনে

অতএব, মোট সময় = (6 + 3) = 9 দিন

24. (c) 25. (b) 26. (c) 27. (c) 28. (d) প্রত্যেকটি বাদ্যযন্ত্রের তার আছে কিন্তু তবলার নেই। 29. (a) 30. (b) 31. (a) 32. (b) N=3, O=9, I=6, D=5, A=8

33. (b) 34. (a) 35. (c) 36. (b) 37. (a) 38. (d) 39. (a) 40. (a)

41. (a) 42. (c) 43. (d) 44. (c) 45. (b) 46. (a) 47. (b) 48. (b)

সমাধান: যেখানে, d = 36, X = 8, Y = 4

অতএব, = $\frac{2 \times 36 \times 8}{8^2 - 4^2} = \frac{2 \times 36 \times 8}{48} = 12$ ঘণ্টা

49. (b) এখানে বেকারিতে অপশনের সবগুলিই তৈরি হয় কিন্তু প্রথম দুটি অপশনে দেখা যায় মাছ বা গাছ দই অক্ষর বিশিষ্ট শব্দ। তাই এখানে সঠিক উত্তর হবে কেক।

50. (a)